# AKASHVANI (Kolkata)
# Regional News Unit
# Date : 06-12-24
# Time : 7-35 A.M

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ কলকাতা থেকে ইউরোপের বিভিন্ন দেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সরাসরি বিমান চলাচল শুরু করার ব্যাপারে একটি প্রস্তাব গতকাল সর্বসম্মতিক্রমে রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে।

# রাজ্য সরকারের তোষণের রাজনীতির কারণে কলকাতা বিমান বন্দরের সম্প্রসারণ আটকে রয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে।

২/ রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারকে অপসারিত করতে হিন্দুদের ঐক্যবদ্ধ হতে হবে বলে বিরোধী দলনেতা দাবি করেছেন।

# বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণের প্রতিবাদে কংগ্রেস সহ বেশ কয়েকটি দল ও সংগঠন গতকাল বিক্ষোভ কর্মসূচী পালন করে।

৩/ ট্যাব জালিয়াতি কান্ডে উত্তর দিনাজপুরের চোপড়া থেকে আরো দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৪/ প্রশ্নপত্র ফাঁস রুখতে এবছর বেশ কিছু নিয়ম বদল করেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

৫/ নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে ভারতীয় সংবিধানের রূপকার ডক্টর বাবাসাহেব আম্বেদকরের প্রয়াণ দিবসে তাঁকে স্মরণ করা হচ্ছে।

৬/ বাংলা, সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে।

**************************************************************

কলকাতা থেকে ইউরোপের বিভিন্ন দেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সরাসরি বিমান চলাচল শুরু করার ব্যাপারে একটি প্রস্তাব সর্বসম্মতিক্রমে গতকাল রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। এব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন'ও জানানো হয়েছে। এই প্রস্তাবটি আলোচনার জন্য বিধানসভায় উত্থাপন করে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, একসময় কলকাতা থেকে ইউরোপ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সরাসরি বিমান যোগাযোগ থাকলেও, পরবর্তীকালে নানা কারণে ওইসব বিমান সংস্থা কলকাতা থেকে উড়ান চলাচল বন্ধ করে দেয়। ফলে শতবর্ষ প্রাচীন কলকাতা বিমানবন্দর থেকে এখন আর ওই সব দেশে সরাসরি পৌঁছানো যায় না। বিমান সংস্থাগুলি যাতে ফের কলকাতা থেকে ওইসব দেশে সরাসরি বিমান চলাতে আগ্রহী হয়, সেব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য কেন্দ্রীয় সরকারকে অর্থমন্ত্রী আবেদন জানান।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে বলেন, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে প্রতিনিধি দল পাঠালে বিজেপি তাতে সামিল হতে প্রস্তুত। তবে তিনি এও বলেন, ইউরোপের একাধিক দেশ থেকে সরাসরি কলকাতা বিমানবন্দরে আসার ক্ষেত্রে কেন্দ্রের ছাড়পত্র আছে। তাই নতুন করে কেন্দ্রের অনুমোদন দরকার নেই।

পরে রাজ্য বিধানসভার বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, রাজ্য সরকারের তোষণের রাজনীতির কারণে কলকাতা বিমানবন্দরের সম্প্রসারণ আটকে রয়েছে। তিনি বলেন, সরকারের তোষণের রাজনীতির জন্য একটি বিশেষ

সম্প্রদায়ের কাছে আত্মসমর্পণ করে বিমানবন্দর সম্প্রসারণের কাজ আটকে রেখেছে। কেন্দ্রীয় সরকারের এখানে কোন ভূমিকা নেই।

*******************

রাজ্য সরকার এখন থেকে সব শ্রেণীর সরকারি কর্মচারীদের LTC এবং HTC তে ট্রেনে সপরিবারে ভ্রমণে শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীর ভাড়া দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। অর্থ দপ্তরের জারি করা এক বিজ্ঞপ্তিতে যে সব কর্মচারীদের মাসিক মূল বেতন ৫০ হাজার টাকার কম, তারা এসি থ্রি টিয়ারে এবং তার থেকে বেশি বেতনের কর্মীরা এসি টু টিয়ারের ভাড়া পাবেন বলে জানানো হয়েছে।

অন্যদিকে যে ট্রেনগুলোতে শুধু চেয়ার কার রয়েছে সেখানে এসি শ্রেণীর ভাড়া দেওয়া হবে। এলটিসি-র নতুন নিয়মে জাহাজে করে আন্দামান বা লাক্ষাদ্বীপ বেড়াতে গেলে চল্লিশ হাজার টাকা মূল বেতনের বেশি কর্মীদের প্রথম শ্রেণীর এবং তার থেকে কম বেতনের কর্মীদের দ্বিতীয় শ্রেণীর কেবিনের ভাড়া দেওয়া হবে। পয়লা ডিসেম্বর থেকে নতুন এই নিয়ম কার্যকরী হয়েছে।

উল্লেখ্য, রাজ্য সরকারি কর্মীরা দশ ও পাঁচ বছর অন্তর সপরিবারে এই ভ্রমণ ভাতা পান।

*******************

হুগলি নদীর উপরে কলকাতা এবং হাওড়ার সঙ্গে সংযোগকারী হাওড়া সেতুর স্বাস্থ্য পরীক্ষার জন্য আন্তর্জাতিক নকশা নির্মাণকারী সংস্থা রেন্ডেল-এর প্রতিনিধিরা রাজ্যে এসেছেন। সংস্থার প্রতিনিধিরা এই সেতুটির রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকা অপর ঠিকাদারি সংস্থা 'রাইটস'-এর প্রতিনিধিদের সঙ্গে সেতু পরিদর্শনের পর, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় বন্দরের চেয়ারম্যানের সঙ্গে গতকাল বৈঠক করেন। সেতুটির স্থায়িত্ব সুনিশ্চিত করতে কি কি পদক্ষেপ নেওয়া যায়, তা' নিয়ে আন্তর্জাতিক ঠিকাদারি সংস্থাটি আগামী বছরের শুরুতেই রাইটস-কে একটি রিপোর্ট জমা দেবে।

উল্লেখ্য, প্রায় ২৬ হাজার টন ইস্পাত দিয়ে তৈরি এই সেতুটি ১৯৪৩ সালে যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছিল।

*******************

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারকে অপসারিত করতে হিন্দুদের ঐক্যবদ্ধ হতে হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেছেন। বাংলাদেশে হিন্দুদের উপর আক্রমণের প্রতিবাদে এবং ইসকনের সন্ন্যাসীকে নিঃশর্ত মুক্তির দাবিতে এবং এরাজ্যেও সনাতনীদের রক্ষার্থে গতকাল কলকাতায় এক সমাবেশে তিনি একথা জানান।

শ্রী অধিকারী অভিযোগ করেন, বাংলাদেশে একের পর এক গ্রামে হিন্দুদের উপর আক্রমণ হচ্ছে। পাশাপাশি এই রাজ্যেও মমতা ব্যানার্জি রোহিঙ্গাদের অনুপ্রবেশ করিয়ে বাংলাকে ধ্বংস করতে চাইছেন। কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য বিএসএফকে জমি দেয়নি। এরাজ্যে পুজো করতে হলে আদালতের অনুমোদন নিতে হয়। হিন্দু সন্ন্যাসীদের সমাবেশে অনুমোদন না দেওয়ায় রাজ্য সরকারের সমালোচনা করেন বিরোধী দলনেতা। গতকাল বাংলাদেশের ঘটনার প্রতিবাদে রানী রাসমণি অ্যাভিনিউতে হিন্দু সন্ন্যাসীদের সমাবেশে শ্রী অধিকারী বেশ কিছু কর্মসূচীর কথা ঘোষণা করেন।

কংগ্রেস'ও গতকাল কলকাতা সহ রাজ্যের বেশ কয়েকটি জায়গায় বিক্ষোভ কর্মসূচী পালন করে। দক্ষিণ কলকাতার জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে বাংলাদেশ ডেপুটি হাইকমিশনারের কার্যালয় অভিযানের ডাক দেওয়া হয়।

বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর আক্রমণ বন্ধ করতে দুই দেশের সরকারকে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ সহ একাধিক দাবীতে আজ বামফ্রন্ট কলকাতায় প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে। ধর্মতলা লেনিন মূর্তি থেকে পার্ক সার্কাস লেডি ব্রাবোর্ন কলেজ পর্যন্ত মিছিল যাবে।

*******************

রাজ্যে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরগুলিতে ব্যপক দুর্নীতির অভিযোগ তুলে কংগ্রেস আগামী ১১ই ডিসেম্বর রাজ্য জুড়ে সমস্ত BLRO অফিসের সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করবে। কলকাতায় দলীয় কার্যালয় বিধান ভবনে গতকাল এক সাংবাদিক বৈঠকে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার একথা জানিয়েছেন। জমির চরিত্র বদল, বেআইনি লেনদেন, দালাল চক্র সহ একাধিক দুর্নীতির অভিযোগ তোলেন শুভঙ্করবাবু। এই দুর্নীতির বিরুদ্ধে রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে না বলেও তাঁর অভিযোগ।

*******************

প্রশ্নপত্র ফাঁস রুখতে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ বেশ কিছু নিয়ম বদল করেছে। সংসদ সূত্রে জানা গেছে, এবার থেকে প্রশ্নপত্রের সিল সুপারভাইজারের ঘরে খোলার পরিবর্তে পরীক্ষা শুরুর ঠিক আগে ছাত্র-ছাত্রীদের সামনে খোলা হবে। পাশাপাশি, প্রতিটি পরীক্ষা কেন্দ্রে মেটাল ডিটেক্টরের সঙ্গে বার কোড, সিরিয়াল নম্বর, QR কোডের ব্যবস্থা রাখা হচ্ছে।

উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য গতকাল মালদা টাউন হলে এক প্রস্তুতি সভা করেন। ২০২৫-এর উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এখন থেকে কি ধরণের প্রস্তুতি নেওয়া দরকার, এ বিষয়ে সেখানে আলোচনা হয়।

*******************

ট্যাব জালিয়াতি কান্ডে উত্তর দিনাজপুরের চোপড়া থেকে আরো দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। আসানসোল- দুর্গাপুর পুলিশ কমিশনারেটের সাইবার থানার তদন্তকারী দল ও চোপড়া থানার পুলিশ যৌথ অভিযান চালিয়ে দাসপাড়া গ্রাম পঞ্চায়েত থেকে মেহেবুব আলম নামে একজনকে গ্রেপ্তার করে। এলাকায় তার একটি অনলাইন ক্যাফে রয়েছে। অন্যদিকে, বসিরহাট সাইবার থানার পুলিশ ও চোপড়া থানার পুলিশের যৌথ অভিযানে ধরা পড়ে মহম্মদ ইয়াসিন আলি নামে আরো একজন। তৃণমূল কংগ্রেসের বুথ সভাপতি ইয়াসিন পেশায় হাতুড়ে চিকিৎসক।

এই নিয়ে ওই জেলা থেকে মোট ১৮ জনকে গ্রেপ্তার করলো পুলিশ।

*******************

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে নাবালিকা ছাত্রীর ধর্ষণ ও খুনের ঘটনায় মূল অভিযুক্ত মোস্তাকিন সরদারের আজ সাজা ঘোষণা হবে। বারুইপুরের পক্সো আদালত ৬১ দিনের মাথায় গতকাল নাবালিকার ধর্ষণ ও খুনে মোস্তাকিনকে একমাত্র দোষী সাব্যস্ত করা হয়। বিচারক জানান, ওই ঘটনায় সে একাই জড়িত ছিল।

উল্লেখ্য, গত ৫'ই অক্টোবর জয়নগরের মহিষমারিতে চতুর্থ শ্রেণীর ছাত্রী টিউশনে গিয়ে আর বাড়ি ফেরেনি। গভীর রাতে বাড়ি থেকে বেশ কিছুটা দূরে তাঁর দেহ উদ্ধার হয়।

ওই ঘটনার পর পুলিশের ভূমিকায় ক্ষুব্ধ এলাকার মানুষ পুলিশ ফাঁড়িতে আগুন লাগায়, ভাঙ্গচুর চালায়। বিচারের দাবীতে চলে লাগাতার প্রতিবাদ ও বিক্ষোভ।

*******************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভারতীয় সংবিধানের রূপকার ডঃ বাবা সাহেব আম্বেদকরের প্রয়াণ দিবসে তাকে স্মরণ করা হচ্ছে।
জাতীয়তাবাদী, দলিত আন্দোলনের পুরোধা, দার্শনিক, সমাজ সংস্কারক বি আর আম্বেদকরের প্রয়াণ দিবস মহা পরিনির্বাণ দিবস হিসেবেও পালিত হয়।
'অল ইন্ডিয়া শিডিউলড কাস্ট/ট্রাইবস অ্যান্ড ব্যাকওয়ার্ড ক্লাসেস এমপ্লয়িজ কো-অর্ডিনেশন কাউন্সিল' আজ কলকাতায় বাবাসাহেব আম্বেদকরকে স্মরণ করবে। এই উপলক্ষে একটি সেমিনারের'ও আয়োজন করা হয়েছে।
*******************

প্রযুক্তির উন্নতি আর নতুন প্রজন্মের চাহিদার মেলবন্ধনেই আগামী দিনের সিনেমা তৈরি হওয়ার বিষয়ে সহমত প্রকাশ করেছেন নবীন ও প্রবীণ পরিচালকরা। ৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের দ্বিতীয় দিনে গতকাল "প্রযুক্তির বদল ও সিনেমায় ভাবনার বদল" শীর্ষক আলোচনা সভায় সকল বক্তাই এই পরিবর্তনকে অবসম্ভাবী বলে মেনে নিলেও, সেলুলয়েডে তৈরি ছবির মান অনেক ভালো হতো বলে মন্তব্য করেন পরিচালক অশোক বিশ্বনাথন, রবিরঞ্জন মৈত্র।
উৎসব সম্পর্কে কমিটির চেয়ারম্যান গৌতম ঘোষ বললেন-

*******************

আগামী কয়েকদিনে রাজ্যে তাপমাত্রার পারদ আরো কিছুটা কমতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে জানানো হয়েছে। রাজ্যের বেশীরতভাগ অংশেই শুষ্ক আবহাওয়া বজায় থাকবে।

হিমালয় সংলগ্ন দার্জিলিং জেলা ও উত্তর দিনাজপুরের কিছু কিছু স্থানে সকালের দিকে হাল্কা থেকে মাঝারি কুয়াশা দেখা যেতে পারে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান, বীরভূম এবং মুর্শিদাবাদ জেলাতেও পরিস্থিতি একইরকম থাকবে বলে জানানো হয়েছ।

আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্র রেকর্ড করা হয়েছে- ১৬ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস- যা প্রায় স্বাভাবিক। সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

*******************

বাংলা, মুস্তাক আলি ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। গতকাল রাজকোটে বাংলা সাত উইকেটে রাজস্থানকে হারিয়ে দেয়।

জয়ের জন্য ১৫৪ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে বাংলা ১৮ ওভার তিন বলে তিন উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। অভিষেক পোড়েল ৭৮ রান করেন। অধিনায়ক সুদীপ ঘরামি অর্ধশতরান করে অপরাজিত থাকেন। এর আগে রাজস্থান তিন উইকেটে করেছিল ১৫৪ রান।

*******************

আইএসএল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং,পাঞ্জাব এফ সি-র মুখোমুখি হবে। দিল্লির জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মহামেডান স্পোর্টিং ৯ ম্যাচে ৫ পয়েন্ট নিয়ে ১৩ দলের ISL-এ দ্বাদশ স্থানে রয়েছে। অন্যদিকে ষষ্ঠ স্থানে থাকা পাঞ্জাব এফ সি ৮ ম্যাচে ১৫ পয়েন্ট সংগ্রহ করেছে।

*****************************************************************